



নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-৯৬

তারিখ : ৮ বৈশাখ, ১৪২৭
২১ এপ্রিল, ২০২০

বিষয়: করোনা ভাইরাস সংক্রমণের কারণে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পখাত এবং শিল্প মন্ত্রণালয়ের অধীন শিল্প কারখানাসমূহের অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান করোনা ভাইরাসজনিত কারণে সারা দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাইক্রো এবং মাঝারি শিল্পসমূহের সিংহভাগ বন্ধ রয়েছে। ফলে এ সকল শিল্পের সাথে জড়িত শিল্প মালিক/উদ্যোক্তা, শিল্পে নিয়োজিত শ্রমিক এবং এ সকল শিল্পের সাপ্লাই চেইনের সাথে জড়িত ব্যবসায়ীগণ বর্তমানে অর্থনৈতিক সমস্যায় পড়েছেন। আমাদের অর্থনীতির মূল চালিকা শক্তি এসএমই খাতকে অবশ্যই আমাদের সঠিক পথে পরিচালিত করতে হবে। এ লক্ষ্যে এসএমই খাত সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান বিসিক ও এসএমই ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট বেসরকারি ব্যবসায়ী সংগঠন বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই), বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ) ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর নিকট থেকে বর্তমান পরিস্থিতিতে অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় করণীয় বিষয়ে সুপারিশ/প্রস্তাব সংগ্রহ করা হয়। অপর দিকে শিল্প মন্ত্রণালয়ের অধীন তিনটি সংস্থা বিসিআইসি, বিএসইসি ও বিএসএফআইসি'র নিকট থেকে তাদের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান বিষয়ে করণীয় সম্পর্কে সুপারিশ/প্রস্তাব সংগ্রহ করা হয়।

২। সংগৃহীত সুপারিশ/প্রস্তাব পর্যালোচনা করে শিল্প মন্ত্রণালয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর কর্তৃক সহযোগিতা প্রদানের জন্য সুপারিশমালা/প্রস্তাবনা তৈরি করে। আপনার বিভাগ /সংস্থা সংশ্লিষ্ট সুপারিশমালা নিম্নরূপ :

- সচল রপ্তানিমুখী শিল্পের ন্যায় শুধুমাত্র এসএমই খাত সংশ্লিষ্ট শিল্পে নিয়োজিত শ্রমিকদের বেতন নির্বাহ, উদ্যোক্তাদের ওয়ার্কিং ক্যাপিটেল প্রদান, কারখানার ভাড়া ও ইউটিলিটি বিল পরিশোধ ইত্যাদির জন্য একটি পুন:অর্থায়ন তহবিল গঠন করা যেতে পারে। এ তহবিল থেকে উদ্যোক্তাদের স্বল্প সুদে ঋণ প্রদান এবং ১ বছরের মধ্যে কিস্তিতে ঋণ পরিশোধের সুযোগদান করা যেতে পারে;
- আর্থিকভাবে বিপর্যস্ত মাইক্রো, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্প কর্তৃক গৃহীত ঋণের কিস্তি পরিশোধ ১ বছরের জন্য স্থগিত করা এবং আর্থিকভাবে অপেক্ষাকৃত ভালো অবস্থানে থাকা শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঋণ রি-শিডিউল করার সুযোগ দেয়া যেতে পারে;
- নতুন উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে বিকল্প ঋণ উৎস; যেমন ভেঞ্চার ক্যাপিটাল ফার্ম, এঞ্জেল ফাইন্যান্সিং, ক্রাউড ফান্ডিং ইত্যাদি ইনোভেটিভ ঋণ ব্যবস্থাকে উৎসাহ প্রদানসহ শক্তিশালী করা যেতে পারে। ভেঞ্চার ক্যাপিটাল ফার্মগুলোকে সরকার সহজশর্তে ফান্ড দিতে পারে, যাতে তারা উদ্যোক্তাদের সহজশর্তে ঋণ দিতে পারে।

৩। বর্ণিতাবস্থায়, বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি ও অত্যন্ত শ্রম নির্ভর অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পের জন্য প্রণীত সুপারিশ/প্রস্তাব বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/০৪/২০২০

(মোঃ মাকসুদুর রহমান)

সহকারী সচিব

মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা
- সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অপর পৃষ্ঠা সদয় দৃষ্টব্য

অনুলিপি :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ২। চেয়ারম্যান, বিসিক, ঢাকা
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, ঢাকা
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৬। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৭। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৮। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই), ঢাকা
- ৯। সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ), ঢাকা
- ১০। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), ঢাকা।